দর্শনা ও দামুড়হুদায় ৫টি প্রতিষ্ঠানে জরিমানা ভ্রাম্যমান আদালতে

দর্শনা ও দামুড়হুদায় ৫টি প্রতিষ্ঠানে ৩৩ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত। ভ্রাম্যমান পরিচালনাকারী নিবার্হী ম্যাজিট্রেট সহকারী ভুমি কমিশনার এ এইচ এম তাসফিকুর রহমান জানান, গতকাল বুধবার দর্শনা ও দামুড়হুদায় ৪টি হোটেল ও একটি রেস্টুরেন্টকে ভ্র্যাম্যমান আদালত পরিচালনা করে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা এবং স্যানিটারি ইন্সপেক্টর এর অভিযোগের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করা হয়। এসব হোটেল গুলোর মধ্যে দামুড়হুদা উপজেলা পরিষদের সামনে, দামুড়হুদা বাসস্ট্যান্ড হোটেল, ফ্যান্টাসি পার্কসহ ৩টি প্রতিষ্ঠানে ২৩ হাজার টাকা এবং দর্শনা আল্লাহর দান হোটেল এ্যান্ড রেষ্টুরেন্টকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

২০০৯ সালের ভোক্তা অধিকার সংরক্ষন আইনে এসব প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে বলে তিনি জানান। বাসি খাবার ও নোংড়া পরিবেশে এসব প্রতিষ্ঠার পরিচালনা করার দায়ে ভ্রাম্যমান আদালত তাদেরকে জরিমানা করেন। আগামীতে সর্তক করে দেন যাতে করে হোটেল রেষ্টুরেন্টগুলো পরিস্কার পরিছন্ন রাখা হয় এবং বাসি ও পচা খাবার যাতে বিক্রী করা না হয়।

দর্শনায় পৌর বিএনপি’র ৩১ দফা সম্বলিত লিফলেট বিতরণ

দর্শনায় পৌর বিএনপি’র সমন্বয়ক কমিটির সদস্য মশিউর রহমানের উদ্যোগে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের ৩১ দফা সম্বলিত লিফলেট বিতরণ

করা হয়েছে।

গতকাল সোমবার বিকাল সাড়ে ৫টায় দর্শনা পুরাতন বাজারের ব্যবসায়ী সাবেক পৌর বিএনপি’র সাবেক সভাপতি মাহবুবুল আলম খোকনের দোকানের সামনে থেকে দলীয় নেতা কর্মীদের সাথে নিয়ে তিনি এ লিফলেট বিতরণ শুরু করেন। দর্শনা পুরাতন বাজার এলাকা থেকে রামনগর পর্যন্ত দর্শনা মুজিব নগর সড়কের পাশের ব্যবসা প্রতিষ্ঠান ও পথচারীদের মধ্যে ৩১ দফা সম্বলিত বিতরণ করেন।

এ লিফলেট বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন সাবেক পৌর মেয়র মহিদুল ইসলাম। লিফলেট বিতরণ উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সমন্বয়ক কমিটির সদস্য প্রভাষক মশিউর রহমান বলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দলের প্রধান তারেক জিয়ার নেত্রীত্বে আগামীতে ৩১ দফা বাস্তবায়নসহ নানা কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এসব কর্মসূচির মধ্যে জনগণের গণতান্ত্রিক অধিকার পুণঃপ্রতিষ্ঠা ও অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ অনুষ্ঠানের মধ্যে দিয়ে একটি দেশের মানুষের জন্য কৃষি উন্নয়ন, তথ্য ও প্রযুক্তি, দুর্নীতি প্রতিরোধ ও দেশের শাসন ব্যবস্থার উন্নয়নসহ নানা মুখী কার্যক্রমসহ ৩১ দফা বাস্তবায়নে বাংলাদেশ জাতীয়তাবাদী দল আগামীতে কাজ করবেন বলে নানা পদক্ষেপ হাতে নিয়েছে।

এজন্য ধানের শীষ প্রতিকে ভোট দিয়ে তারেক রহমানের হাতকে শক্তিশালী করতে হবে। এসময় দলীয় নেতাকর্মীদের মধ্যে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র সাবেক সভাপতি মাহবুবুল আলম খোকন ও হাজী খন্দকার শওকত আলীসহ অসংখ্য নেতাকর্মী।

দর্শনায় পবিত্র আশুরা উপলক্ষে দোয়া মাহফিল অনুষ্ঠিত

দর্শনার বিভিন্ন স্থানে পবিত্র আশুরা পালিত হয়েছে। গত রবিবার দর্শনা পৌর এলাকায় পবিত্র আশুরা উপলক্ষে ছিন্নি বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। তবে প্রতিবছর দর্শনা চটকাতলা ছিয়া মুসলিমরা তাজিয়া উত্তোলন করলেও এবারের আশুরায় তাজিয়া উত্তোলন

করেননী।

এ বিয়ষ জানতে চাইলে মিষ্টার ও মনজুর জানান, এ বছর প্রতিদিন বৃষ্টি হচ্ছে। ফলে বৃষ্টির করণে এবার তাজিয়া উত্তোলন করা সম্ভব হয়নি। তবে আমার প্রতি বছরের ন্যায় এলাকার ছোট ছোট ছেলে মেয়েদের মধ্যে ছিন্নি বিতরণ ও দোয়া মাহফিল করা হয়েছে। এছাড়া দর্শনা পৌর এলাকায় সুন্নি মুসলিমরা ছিন্নি বিতরণ করেছে।

এদের মধ্যে রামনগর বটতলা ক্লাব, দর্শনা চটকাতলা বিহারী পট্টি, ঈশরচন্দ্র পুর ইট ভাটা পাড়া যুব সমাজ, পরানপুর বেকার মোড়ের পাপ্পু, আলো, মামুন, হামিদুল, শিমুলসহ বেশ কিছু যুবদের উদ্যোগে ২ দফায় ছিন্নি বিতরণ ও দোয়া মাহফিল করা হয়।

এছাড়া দর্শনা পৌর এলাকার বেশ কিছু স্থানে ছিন্নি বিতরণ ও দোয়া মাহফিল করা হয় বলে জানা গেছে।

দর্শনা সীমান্তে বিএসএফ -এর গুলিতে যুবক নিহত

চুয়াডাঙ্গা সীমান্তে বিএসএফের গুলিতে যুবক নিহতের অভিযোগ। চুয়াডাঙ্গার দর্শনার ঝাঁঝাডাঙ্গা সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)-এর গুলিতে এক বাংলাদেশি কৃষক যুবক নিহত হয়েছেন বলে অভিযোগ উঠেছে। এ ঘটনার পর বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) কড়া প্রতিবাদ জানিয়ে পতাকা বৈঠকের আহ্বান জানিয়েছে।

নিহত যুবকের নাম মো. ইব্রাহিম বাবু (৩০), তিনি দর্শনা থানার পার কৃষ্ণপুর মদনা ইউনিয়নের ঝাঁঝাডাঙ্গা গ্রামের বাসিন্দা। নিহত বাবু ঝাঝাডাঙ্গা গ্রামের মো. নূর ইসলামের একমাত্র ছেলে। গতকাল বুধবার দুপুর সাড়ে ১২টার দিকে আমার ছেলে বাবুসহ ৪-৫ জন গরুর জন্য ঘাস কাটতে সীমান্তসংলগ্ন গালার মাঠে যায়। এ সময় ভারতের নদীয়া জেলার গেদে ক্যাম্পের বিএসএফ সদস্যরা ৭৯ নম্বর পিলারের কাছাকাছি গুলি ছোড়ে। গুলিতে বাবু ঘটনাস্থলেই নিহত হয় বলে গুন্জন চলছে।

এ ঘটনায় ইব্রাহীম বাবুর স্ত্রী জেসমিন আক্তার জানায়, বাবু মারা গিয়েছে কিনা এখনও আমারা নিশ্চিত না। তিনি আরো জানান, আমার স্বামী ইব্রাহীম বাবু দোকান বন্ধ করে ডিঙ্গি নৌকা নিয়ে মাথাভাঙ্গা নদীর ওপারে ৭৯ নং পিলার বরাবর ঘরুর জন্য ঘাস কাটতে যায়। এ সময় ভারতীয় বিএসএফ ২ রাউন্ড গুলি বর্ষণ করার শব্দ শুনতে পাই পার্শ্ববর্তী লোকজন। কেউ কেউ বলছেন, ইব্রাহীম বাবু বিএসএফের গুলিতে নিহত হয়েছে। আসলে কি ঘটনা ঘটেছে জানিনা।

এ বিষয়ে নিহত ইব্রাহীম বাবুর খালু আক্তারুজ্জান জানান, ইব্রাহীম ঘাস কাটতে গেলে বিএসএফ ২ রাউন্ড গুলি ছোড়ে।এতে ইব্রাহীম নিহত হয়। এরপর ইব্রাহীমের লাশ টেনে হেঁচড়ে নিয়ে গেছে ভারতীয় বিএসএফ।

এ বিষয়ে ৬ বিজিবির সুলতানপুর ক্যাম্প ইনচার্জ সাইফুজ্জামান জানান, এ বিষয়ে আমাদের কোন বক্তব্য নেই তবে আমার উর্দ্ধতন কতৃপক্ষের সাথে কথা বলতে বলেন, নিহতের পরিবার দাবি করেছে, ইব্রাহিম বাবু একজন কৃষক এবং তিনি কোনো চোরাচালানের সঙ্গে যুক্ত ছিলেন না। শুধু ঘাস কাটতে গিয়েছিলেন।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. শহিদ তিতুমীর বলেন, আমরা নিহতের গ্রামে গিয়ে তার পরিবার ও স্থানীয়দের সঙ্গে কথা বলেছি। বিষয়টি গুরুত্বসহকারে খতিয়ে দেখা হচ্ছে।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির ব্যাটালিয়ন অধিনায়ক লেঃ কর্নেল নাজমুল হাসান জানান, ঘটনা বিভিন্ন মাধ্যমে শুনে ৩২ ব্যাটালিয়ন বিএসএফ কর্মকর্তার সাথে কথা বলেছি। তারা জানান একদল স্বর্ণ চোরাকারবারির সাথে ধাওয়া-পাল্টা ধাওয়ার সময় একজন গুলিবিদ্ধ হয়।

এ ঘটনায় পতাকা বৈঠকের আহ্বান জানানো হয়েছে। ভারতের পক্ষ থেকে ইব্রাহিম বাবুর নিহত এখনো নিশ্চিত করা হয়নি। এ রিপোর্ট লেখা পর্যন্ত ইব্রাহীম বাবু বাড়ি ফেরেনি বলে তার পরিবার জানিয়েছে।

দর্শনায় আধুনিক কলাকৌশল প্রয়োগ শীর্ষক মাঠ দিবস

একর প্রতি আখের ফলন বৃদ্ধি ও গুণগত মানসম্পন্ন আখ উৎপাদনের লক্ষ্যে ‘আধুনিক কলাকৌশল প্রয়োগ’ শীর্ষক মাঠ দিবস ২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ১১টার দিকে কেরু অ্যান্ড কোম্পানির আকন্দবাড়িয়া পরীক্ষামূলক কৃষিখামারে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কেরু চিনিকলের মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভূঁইয়া। উপব্যবস্থাপক (সম্প্রসারণ) মাহবুবুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠিত এই মাঠ দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঐতিহ্যবাহী কেরু অ্যান্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান এফসিএমএ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেরু চিনিকলের মহাব্যবস্থাপক (কারখানা) সুমন কুমার সাহা, উপব্যবস্থাপক (সম্প্রসারণ, বীজ) দেলোয়ার হোসেন, ব্যবস্থাপক (জৈব সার) জাকির হোসেন, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই) চুয়াডাঙ্গা উপকেন্দ্রের বৈজ্ঞানিক কর্মকর্তা ওবায়দুল্লাহ শেখ, কেরুজ কৃষি খামার ইনচার্জ সুমন কুমার সাহা, ডিহি খামারের ইনচার্জ ইমদাদুল হক এবং আখচাষী মোরশেদুর রহমান লিংকন, সিরাজুল ইসলাম মনি, শামিম হোসেন, আফজালুর রহমান ধীরু, আদিল হক ডাবলু, আব্দুল আওয়াল, সোহেল রানা, শেখ ফরিদ আহম্মেদ প্রমুখ।

অনুষ্ঠানে কেরু চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান বলেন, “আখের অধিক ফলন পেতে হলে আগামীতে আধুনিক প্রযুক্তির মাধ্যমে আখ চাষের কোনো বিকল্প নেই। আখের মূল্য বৃদ্ধির দাবির প্রতি সহানুভূতি জানিয়ে তিনি বলেন, আগামী রোপণ মৌসুমের আগেই আখের মূল্য বৃদ্ধির ঘোষণা আসবে।”

তিনি আরও বলেন, আখ চাষ বাড়ান, এতে অধিক লাভবান হবেন। কেরু অ্যান্ড কোম্পানির পক্ষ থেকে চাষিদের সবধরনের সহায়তা প্রদান করা হবে।
তিনি জানান, এই মাঠ দিবসে আখ চাষে আধুনিক প্রযুক্তি এবং সাথী ফসল

চাষাবাদের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

মাঠ দিবসে কেরু অ্যান্ড কোম্পানির কর্মকর্তারা এবং এলাকার বিভিন্ন আখচাষী উপস্থিত ছিলেন। আধুনিক পদ্ধতিতে আখ চাষ এবং এর সঙ্গে অন্যান্য ফসল (যেমন: ডাল, তেলবীজ ইত্যাদি) চাষ করে লাভবান হওয়ার উপায় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এছাড়া, আখ চাষে বিদ্যমান বিভিন্ন সমস্যা ও তার সমাধান নিয়েও মতবিনিময় হয়। বিশেষভাবে, রোগমুক্ত আখ বীজ উৎপাদন ও তার বিস্তারের ওপর গুরুত্বারোপ করা হয়।

কেরু অ্যান্ড কোম্পানির পক্ষ থেকে আখচাষীদের উন্নত মানের বীজ সরবরাহ এবং কারিগরি সহায়তা প্রদানের আশ্বাস দেওয়া হয়েছে।
এই ধরনের মাঠ দিবস আখচাষীদের আধুনিক প্রযুক্তি সম্পর্কে সচেতন করতে এবং তাদের উৎপাদিত পণ্যের মান উন্নয়নে সহায়ক হবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়।

দর্শনায় ড্রেন নির্মাণে জন-সাধারণের চলাচলে চরম দুর্ভোগ

দর্শনা মদনা গ্রামের ড্রেন নির্মাণ করতে গিয়ে জন-সাধারণের চলাচলে চরম দুর্ভোগে ফেলেছে ঠিকাদার রবিন।

পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের মদনা দক্ষিণ পাড়ার লোকজন জানান, অমাদের দক্ষিণ পাড়ার ৮/৯শত পরিবারের লোকজনের চলাচলের একমাত্র সড়কের মুখে ড্রেন করতে কালভাট খুড়ে চলাচল বন্ধ করে দিয়েছে।

তারা জানান, অর্ধেক ঢালায় করে অর্ধেক সড়ক রেখে চলাচল ব্যবস্থা করে কালভাট নির্মাণ করার নিয়ম থাকলেও তা না করে সড়কের মুখে পুরা অংশ খাল করে জন-সাধারণের চলাচল বন্ধ করে দিয়েছে। তারপর ড্রেনের মাটি প্রধান সড়কের উপর ফেলেছে। ফলে বৃষ্টিতে কাঁদা ও পানি জমে সড়কে চলাচল করতে জন-সাধারণকে চরম দুভোর্গ পোহাতে হচ্ছে।

এ বিষয়ে ঠিকাদার রবিন এর সাথে ফোনে যোগাযোগ করার চেষ্টা করে

দর্শনায় ইয়াবাসহ গ্রেফতার-১

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১০২পিচ ইয়াবা ট্যাবলেটসহ জোহরা বেগম জহুরাকে (৫০) গ্রেফতার করেছে।গ্রেফতারকৃত জোহরা বেগম দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া উত্তর পাড়ার হাসমত আলীর স্ত্রী।

জানা যায়, আজ শুক্রবার সকাল সাড়ে ১০ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীরের নেতৃত্বে অভিযান চালায় দর্শনা আকন্দবাড়িয়ায় ।

এ সময় দর্শনা থানার চৌকস এস আই মাসুদুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে ইয়াবা ট্যাবলেটসহ বেচাকেনার সময় হাতেনাতে জহুরা বেগমকে গ্রেফতার করে। পরে তার শরীর তল্লাশি করে ১০২ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে।

এ ঘটনায় পুলিশ বাদি হয়ে আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য আইনে মামলা রুজু করেছে। গতকালই জহুরা বেগমকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

দর্শনায় সুন্দরবন এক্সপ্রেসকে আড়াই ঘন্টা আটকে রেখে যাত্রা বিরতীর দাবীতে মানববন্ধন

ঢাকা ও খুলনার মধ্যে চলাচলকারী যাত্রী বাহী সুন্দরবন ট্রেন দর্শনা হল্ট ষ্টেশনে আপে এবং চিত্রা ডাউনে স্টোপেজ এর দাবীতে

ব্যবসায়ীদের কে আগামী এক সপ্তাহের মধ্যে দাবী মানার প্রতিশ্রুতি দিলে ছাত্র-জনতা ও ব্যবসায়ীরা অবরোধ তুলে নেন।

আন্দোলন চলাকালিন বক্তব্য রাখেন, দর্শনা ডিএস মাদ্রাসার অধ্যক্ষ শফিউদ্দিন, দর্শনা পৌর বিএনপি প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট দর্শনা পুরাতন বাজার কমিটির সাধারণ সম্পাদক সোহেল, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু, আওয়াল হোসেন, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবিব মামুন, বৈষম্য বিরোধী ছাত্রদের মধ্যে আবিদ হাসান রিফাত, তানভীর অনিক ও তৈহিদ ইসলাম। অবরোধ অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা অনির্বাণ থিয়েটারের সাজ্জাদ হোসেন।

বিশ্ব পরিবেশ দিবসে দর্শনায় ছাত্রদলের বৃক্ষরোপণ কর্মসূচি

“সবুজে বাঁচুক দেশ, সবার আগে বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদ ঘোষিত ১৫ দিন ব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কর্মসূচির অংশ হিসেবে দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের পক্ষ থেকে কৃষ্ণচূড়া ও নিম গাছ রোপণ করা হয়।

আজ রবিবার বেলা সাড়ে ১১ টার দিকে দর্শনা সরকারি কলেজ চত্বরে প্রথম দিনের বৃক্ষরোপন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফজলুর রহমান, সদস্য সচিব পলাশ আহমেদ, সিনিয়র যুগ্ম আহবায়ক মোফাজ্জল হোসেন মোফা, যুগ্ম আহ্বায়ক শাফায়েত জামিল পাপ্পু, ১নং সদস্য হাসান আলী, ডিপার্টমেন্ট ছাত্রদল নেতা- আব্দুল হাই, মুশফিকুর রহমান সাইফ, অমিন হাসান, ফারুক হোসেন, শেখ রায়হান, লিখন হাসান, জুবায়েরুল হাসান নিশান, সজীব হাসান, ইয়াসিন আরাফাত, রাহুল জোয়র্দ্দার ও শেখর শাওন প্রমুখ।

এ বিষয়ে দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহমেদ জানান, সবুজে বাঁচুক দেশ, সবার আগে বাংলাদেশ” এই স্লোগানকে

সামনে রেখে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদ ঘোষিত ১৫ দিন ব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কর্মসূচির অংশ হিসেবে দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের পক্ষ থেকে কৃষ্ণচূড়া ও নিম গাছ রোপণ করা হয়েছে। পর্যায়ক্রমে দর্শনার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এই বৃক্ষ রোপণ কর্মসূচি চলমান থাকবে।

সুপেয় পানির অভাবে ৪৬৭ জন কাটাচ্ছেন দুর্বিষহ জীবন

“পানির অপর নাম জীবন” কিন্তু সেই পানিই আজ জীবনকে বিষাক্ত ও বিপন্ন করে তুলেছে। জলবায়ু পরিবর্তন, আধুনিক কৃষিতে বিষাক্ত রাসায়নিক ব্যবহার ও অপরিকল্পিত উন্নয়নের ফলে ভূগর্ভস্থ পানিতে আর্সেনিক দূষণ ভয়াবহ আকার ধারণ করেছে। বিশেষ করে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা ও দর্শনা এলাকায় এর প্রভাব মারাত্মক।

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের বড় দুধপাতিলা গ্রামে ২৫৮টি টিউবওয়েলে আর্সেনিক পাওয়া গেছে। এ গ্রামে প্রায় ৪০০ জন নারী- পুরুষ আর্সেনিক আক্রান্ত হয়ে দুর্বিষহ জীবন যাপন করছেন। গত ২৫ বছরে এ গ্রামে আর্সেনিকজনিত রোগে মারা গেছেন ১৪ জন। অন্যদিকে, দর্শনার ডিহিকৃষ্ণপুর গ্রামের গাবতলা পাড়ায় প্রায় ১৮৫ জন আক্রান্ত এবং ১২ জনের মৃত্যু হয়েছে। মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ২৮ জনে।

আক্রান্তদের মধ্যে অনেকেই আছেন দীর্ঘমেয়াদি শারীরিক যন্ত্রণায়। কারও কারও হাত-পায়ে গুটি, বাদামি দাগ, চামড়া পুরু হয়ে যাওয়া, আঙুল বেঁকে যাওয়া এবং অসাড়তা দেখা যাচ্ছে। কারও পেটের সমস্যা, খাদ্য হজমে ব্যাঘাত, এমনকি ক্যান্সার পর্যন্ত দেখা দিচ্ছে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ সূত্র জানায়, আর্সেনিক আক্রান্তদের মধ্যে অন্তত ২৫০ জন স্বাস্থ্য কার্ডধারী।

২০০২ সালে জাপানি উন্নয়ন সংস্থা জাইকার সহায়তায় বড় দুধপাতিলা গ্রামে একটি আর্সেনিকমুক্ত ওয়াটার ট্যাংক স্থাপন করা হলেও এখন তা